



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
অর্থ শাখা  
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০  
www.dme.gov.bd



স্মারকনং- ৫৭.২৫.০০০০.০০২.০১০.০০১.২০- ২৭


তারিখ: ২২ মাঘ ১৪২৯  
০৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: : ২০২২ সালের দাখিল পরীক্ষায় পরীক্ষার্থীর পাশের হার ০% (শূন্য শতাংশ) হওয়ার কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন **মশিন্দা শিকারপুর রশিদীয়া দাখিল মাদ্রাসা ( EIIN-124010; MPO CODE-8403042101)** ২০২২ সালের বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় ০৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন এবং পাশের হার (০%) শূন্য শতাংশ। যা “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)” এর পরিশিষ্ট- গ’ অনুযায়ী এমপিও প্রাপ্তির জন্য পাবলিক পরীক্ষায় নির্ধারিত ফলাফল ও পরীক্ষার্থীর সংখ্যার আবশ্যিকীয় শর্তাবলির ব্যত্যয়।

০২। আপনার মাদ্রাসায় ১৯ জন শিক্ষক-কর্মচারীর অনুকূলে প্রতিমাসে প্রায় ৩,৫০,০০০.০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বেতন-ভাতা (এমপিও) বাবদ সরকারি কোষাগার থেকে প্রদান করা হচ্ছে। কিন্তু আপনার মাদ্রাসায় দাখিল পরীক্ষার্থীর সংখ্যা ও ফলাফল খুবই হতাশাজনক। বর্ণিত ফলাফল পর্যালোচনায় প্রতিষ্ঠান প্রধান হিসেবে আপনিসহ অন্যান্য শিক্ষক মন্ডলী যথাযথ দায়িত্ব পালন করছেননা মর্মে প্রতীয়মান হচ্ছে।

০৩। এমতাবস্থায় কেন আপনার মাদ্রাসার বিরুদ্ধে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ **সকল শিক্ষক-কর্মচারীগণের এমপিও স্থগিত/স্থায়ীভাবে বন্ধের ব্যবস্থা গ্রহণ করা হবে না** সে মর্মে আগামী ১৫/০২/২০২৩ তারিখের মধ্যে সন্তোষজনক জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০৫/০২/২০২৩

মোঃ লুৎফর রহমান  
সহকারী পরিচালক (অর্থ)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
ফোন: ৪১০৩০৮৯৩

[adfinance.dme@gmail.com](mailto:adfinance.dme@gmail.com)

সুপার,  
মশিন্দা শিকারপুর রশিদীয়া দাখিল মাদ্রাসা  
নাটোর, গুরুদাসপুর (০১৭১৯৮৬৩৭৮৭)।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. জেলা প্রশাসক, সকল।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪. উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর।
৫. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুরুদাসপুর।
৭. সভাপতি, মশিন্দা শিকারপুর রশিদীয়া দাখিল মাদ্রাসা, নাটোর, গুরুদাসপুর। (সভাপতির প্রতিস্বাক্ষরে জবাব দাখিলে অনুরোধসহ)।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।